



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd



স্মারক নং-৪৬.০০.৩২০০.০১৭.২৭.০০৫.২০২২-৪৬৫


তারিখ : ১১ শ্রাবন, ১৪২৯
২৬ জুন, ২০২২

বিষয় : গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলার ০৯নং বনগ্রাম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব শাহীন সরকার এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে মতামত প্রদান সংক্রান্ত।

- সূত্র- (১) জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা এর স্মারক নং-৪৮৫, তারিখ: ২৩/০৬/২০২২।
(২) জনাব মো: শাহীন সরকার, চেয়ারম্যান, ০৯নং বনগ্রাম ইউনিয়ন পরিষদ, সাদুল্লাপুর, গাইবান্ধা এর আবেদন, তারিখ: ২৮/০৬/২০২২ খ্রি।
(৩) এ বিভাগের স্মারক নং-৪৬.০০.৩২০০.০১৭.২৭.০০৫.২০২২-৪২০, তারিখ: ০৬/০৭/২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলার ০৯নং বনগ্রাম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব শাহীন সরকার এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে যাচাইপূর্বক সুস্পষ্ট মতামতসহ পুনরায় প্রেরণের জন্য ৩নং সূত্রস্থ স্মারকে জেলা প্রশাসক, গাইবান্ধা কে অনুরোধ করা হয়। কিন্তু অদ্যাবধি যাচাইপূর্বক সুস্পষ্ট মতামত পাওয়া যায়নি।

০২। বর্ণিতাবস্থায়, সচিব মহোদয়ের মৌখিক নির্দেশনার প্রেক্ষিতে উক্ত বিষয়ে জরুরী ভিত্তিতে যাচাইপূর্বক সুস্পষ্ট মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(জেসমীন প্রধান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪
Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক
গাইবান্ধা

অনুলিপি: (জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।